

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.lged.gov.bd



শেখ মুজিবুর মুল্লানী  
গ্রাম শহরের উন্নতি



স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৮৫৩

তারিখঃ ০৬-১০-২০২২

পরিপত্র

বিষয়ঃ সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে (LTM) দরপত্র আহ্বানের লক্ষ্যে ক্রয়কারী (PE)-কর্তৃক যোগ্যতাসম্পন্ন সরবরাহকারী বা ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে (LTM) দরপত্র আহ্বানের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন সরবরাহকারী বা ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ইতিপূর্বে জারীকৃত আদেশ সংশোধনক্রমে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ


- (১) শুধু সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে কোন ক্রয়কার্য সম্পাদনের ক্ষেত্রে, ক্রয়কারী যোগ্যতাসম্পন্ন সম্ভাব্য বা তালিকাভুক্ত দরপত্রদাতাগণের তালিকা সরবরাহ বা কার্যের ধরণের ভিত্তিতে সংরক্ষণ করবে এবং উক্ত ক্ষেত্রে, দরপত্রদাতার যোগ্যতা বৎসরভিত্তিক পুনর্বিবেচনাক্রমে হালনাগাদ করতে হবে।
- (২) ক্রয়কারী সীমিত দরপত্র পদ্ধতির অধীন ক্রয়কার্যে অংশগ্রহণে আগ্রহী সম্ভাব্য সরবরাহকারী এবং ঠিকাদারদের তালিকাভুক্তি বা নবায়নের উদ্দেশ্যে তাদের যোগ্যতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহ্বান জানিয়ে স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করতে হবে।
- (৩) বার্ষিক বিজ্ঞাপনে প্রয়োজনীয় যোগ্যতা সংক্রান্ত তথ্য প্রদানের জন্য সকল আগ্রহী ব্যক্তিকে বার্ষিক নবায়ন ও তালিকাভুক্তিকরণ সভা অনুষ্ঠানের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে অবহিত করতে হবে;
- (৪) তালিকাভুক্তিকরণ এবং নবায়ন ফি নিম্নরূপভাবে নির্ধারণ করিত হইবে:
  - শ্রেণীভিত্তিক তালিকাভুক্তিকরণ ফি-৫,০০০ (পাঁচ হাজার) টাকা;
  - শ্রেণীভিত্তিক নবায়ন ফি-২,০০০ (দুই হাজার) টাকা; তবে
  - নির্ধারিত সময়সীমার পরবর্তী প্রতি ১(এক) মাস বা তার অংশবিশেষ বিলম্বের জন্য ১,০০০(এক হাজার) টাকা বিলম্ব ফি প্রদান সাপেক্ষে নবায়নের জন্য আবেদন করতে পারবে;
- (৫) প্রতি অর্থবৎসরে সেপ্টেম্বর মাসের মধ্যে তালিকাভুক্তিকরণ ও নবায়ন কার্যক্রম সমাপ্ত করতে হবে; সীমিত দরপত্র ক্রয় পদ্ধতিতে (LTM) ক্রয়কারী তালিকাভুক্তিকরণ ও নবায়ন কার্যক্রম সমাপ্তির পর নবায়ন/নতুন তালিকাভুক্তি ব্যতীত দরদাতাগণের দরপত্র গ্রহণ করা যাবে না;
- (৬) নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক উক্ত তালিকা প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট থেকে অনুমোদন গ্রহণ করতে হবে:
  ১. ক্রয়কারী, সংশ্লিষ্ট জেলা -আহ্বায়ক
  ২. সিনিয়র সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা
  ৩. সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর প্রতিনিধি
- (৭) প্রতি অর্থবৎসরে সেপ্টেম্বর মাসের পর বিলম্ব ফিসহ নবায়নের আবেদন পাওয়া গেলে প্রয়োজন মোতাবেক উপর্যুক্ত কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে;

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

২৫

- (৮) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট থেকে অনুমোদন প্রাপ্তির পর নির্ধারিত ফি ও ফি-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী ভ্যাট ট্রেজারী চালানোর মাধ্যমে সাত (৭) কর্মদিবসের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৯) উপরোক্ত কার্যাদি সম্পাদনের পর তালিকাভুক্ত দরদাতাগণের অনুকূলে তালিকাভুক্তি বহি ইস্যু করতে হবে;
- (১০) তালিকাভুক্ত/নবায়নকৃত দরদাতাগণ শুধুমাত্র সংশ্লিষ্ট জেলার এলজিইডির আওতাধীন সীমিত দরপত্রে (প্রতি অর্থবৎসরের অক্টোবর হতে পরবর্তী অর্থবৎসরের সেপ্টেম্বর পর্যন্ত সময়কালে আহ্বানকৃত) অংশগ্রহণ করতে পারবেন।

এমতাবস্থায়, সকল নির্বাহী প্রকৌশলীগণকে উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

তারিখঃ ০৬-১০-২০২২

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮ -৮৫৩/১(৫)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।

৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .....

৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..... উপজেলা, জেলাঃ .....



মোঃ আবদুস সাত্তার

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০ ৬৭৭৫

ই-মেইলঃ

[xen.procurement@lged.gov.bd](mailto:xen.procurement@lged.gov.bd)